

ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ
কোটায় প্রাথমিক উত্তীর্ণ পরীক্ষার্থীদের জন্য
জরুরী নোটিশ

তারিখঃ ২৪/১২/২০১৯ খ্রি.

এতদ্বারা সংশ্লিষ্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২০ শিক্ষাবর্ষে ১ম, ৩য়, ৪র্থ ও ৬ষ্ঠ শ্রেণির ভর্তি পরীক্ষায় বিভিন্ন কোটায় (মুক্তিযোদ্ধা/প্রতিবন্ধী/সরকারি প্রাথমিক বিদ্যালয়/সরকারি মাধ্যমিক শিক্ষক) উত্তীর্ণ ছাত্রদের কোটার দাবীর স্বপক্ষে সকল কাগজপত্র যাচাই বাছাই করার জন্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে।

| ক্রম | প্রতিষ্ঠানের নাম | তারিখ | সময় | মন্তব্য |
|------|---|------------------|---------------|---------|
| ০১ | গভর্নমেন্ট ল্যাবরেটরী হাই স্কুল | ০৬/০১/২০২০ খ্রি. | সকাল ১০:০০টা | |
| ০২ | ময়মনসিংহ জিলা স্কুল | ০৬/০১/২০২০ খ্রি. | সকাল ১১:৩০টা | |
| ০৩ | বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় | ০৬/০১/২০২০ খ্রি. | বিকাল ২:৩০ টা | |

সাক্ষাৎকারের সময় নিম্ন বর্ণিত কাগজপত্রসহ শিক্ষার্থীকে উপস্থিত থাকতে হবে।

১। ভর্তি পরীক্ষার প্রবেশপত্র

২। কোটার দাবীর স্বপক্ষে সকল সনদপত্রের মূলকপি

ক. মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে

১. পিতা/ মাতার মুক্তিযোদ্ধার সনদ ও মুক্তিযোদ্ধা গেজেটের সত্যায়িত কপি।
২. শিক্ষার্থীর অনলাইনে নিবন্ধিত জন্ম সনদ
৩. পৌর মেয়র/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌর কাউন্সিলর কর্তৃক ধারাবাহিক সম্পর্কের প্রত্যয়নপত্র।
৪. শিক্ষার্থীর পিতা/মাতার নাগরিকত্ব, জন্ম সনদ, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।

খ. মুক্তিযোদ্ধার নাতি/ নাতনীর ক্ষেত্রে

১. শিক্ষার্থীর দাদা-দাদী/ নানা-নানীর মুক্তিযোদ্ধার সনদ ও মুক্তিযোদ্ধা গেজেটের সত্যায়িত কপি।
২. শিক্ষার্থীর অনলাইনে নিবন্ধিত জন্ম সনদ
৩. পৌর মেয়র/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌর কাউন্সিলর কর্তৃক ধারাবাহিক সম্পর্কের প্রত্যয়নপত্র।
৪. শিক্ষার্থীর পিতা/মাতার নাগরিকত্ব, জন্ম সনদ, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।

গ. প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে

১. সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধীর সনদপত্র।


ঘ. সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ক্ষেত্রে (৬ষ্ঠ শ্রেণীর জন্য):

১. ২০১৯ সালের প্রাথমিক শিক্ষা সমাপনি পরীক্ষার প্রবেশপত্র
২. ২০১৯ সালের প্রাথমিক শিক্ষা সমাপনি পরীক্ষার ফলাফলের সত্যায়িত ইন্টারনেট কপি।

ঙ. সরকারি মাধ্যমিক শিক্ষক/ কর্মচারীর ক্ষেত্রে : সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র।

৩। সকল সনদপত্রের সেট সত্যায়িত কপি।

বিঃদ্রঃ সাক্ষাৎকারের নির্দিষ্ট তারিখে শিক্ষার্থী অনুপস্থিত থাকলে অথবা সকল সনদের মূলকপি দেখাতে ব্যর্থ হলে তার ভর্তি নির্বাচন বাতিল হবে।


(মোহিনা খাতুন)

সদস্য সচিব

জেলা পর্যায়ে সরকারি মাধ্যমিক বিদ্যালয় সমূহে

ভর্তি কমিটি

ও

প্রধান শিক্ষক

ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ।